

2025

Diploma Course in Bengali Language (DCBL)

**Second Semester : 4th paper**

Textual Glimpses of Bengali Literature: Prose and Poetry Selection

Full Marks: 80

Time: 3 hours

২০২৫

বাংলা ভাষা ডিপ্লোমা পাঠক্রম

**দ্বিতীয় ষাণ্মাসিক : ৪র্থ পত্র**

বাংলা সাহিত্যের পাঠকৃতি: গদ্য ও পদ্য সংকলন

পূর্ণমান: ৮০সময়: ৩ ঘণ্টা

(নির্ধারিত নির্দেশ ও নম্বর অনুযায়ী সবগুলো প্রশ্নের উত্তর দিন)

১। ক) প্রতিটি প্রশ্নের উত্তর লিখুন :-

১ x 8 = 8

- (১) মাতৃভাষার প্রতি ভালোবাসার কথা মাইকেল মধুসূদন দত্তের কোন কবিতায় বলা হয়েছে?
- (২) 'বঙ্গভাষা' কবিতায় যে অবহেলার কথা বলা হয়েছে- এটা কার প্রতি অবহেলা?
- (৩) দুঃখের মুহূর্তে সান্ত্বনার পরিবর্তে কবি ঈশ্বরের কাছে কী প্রার্থনা করছেন?
- (৪) "হিন্দু না ওরা মুসলিম, ওই জিজ্ঞাসে কোন জন"- এই উক্তিটি কার?

খ) অতি সংক্ষেপে উত্তর দিন :-

১ x 8 = 8

- (১) "তোমারে যেন না করি সংশয়"-এখানে কার কথা বলা হয়েছে?
- (২) "যা ফিরে অজ্ঞান তুই যারে ফিরি ঘরে"-এখানে ঘরে-ফেরা বলতে কী বোঝায়?
- (৩) কবি স্বপ্নে কার আদেশ পেয়েছেন?

২। প্রশ্নানুযায়ী উত্তর লিখুন :-

৩ x ২ = ৬

- (১) আচরি, কাটাইনু, কেলিনু- শব্দগুলোর আধুনিক গদ্যরূপ লিখুন।
- (২) অর্থ লিখুন- খঞ্জর, মাতৃ-কোষ, হিম্মৎ

## ৩। সংক্ষেপে উত্তর দিন (যে কোনও ছয়টি) : -

 $1 \times 6 = 6$ 

- ক) 'গুরুমশায়ের পাঠশালা' গল্পটি কার লেখা?
- খ) পথের পাঁচালীর যমজ সংস্করণ বইটির নাম কী?
- গ) বনফুলের আসল নাম কী?
- ঘ) 'পাদটীকা' গল্পে স্কুল পরিদর্শনে কে এসেছিলেন?
- ঙ) প্রসন্ন গুরুমহাশয়ের গ্রামের পাঠশালাটি কোথায় বসত?
- চ) লাটসাহেব বিটসন বেল কী নামে ছাত্রদের কাছে নিজের পরিচয় দিতেন?
- ছ) "নিম গাছটার ইচ্ছে করতে লাগল লোকটার সঙ্গে চলে যায়।"- লোকটা কে?

## ৪। সংক্ষিপ্ত উত্তর দিন : -

 $8 \times 3 = 12$ 

- ক) 'নিমগাছ' গল্পের মুখ্য চরিত্র কে; গাছটি, না লক্ষ্মী বউটি? যুক্তিপূর্ণ উত্তর লিখুন।
- খ) 'পাদটীকা' গল্পের শেষ মুহূর্তে পশ্চিমশাইয়ের কী হয়েছিল যে সমস্ত ক্লাস চুপ করে বসে রইল?
- গ) 'গুরুমশায়ের পাঠশালা' আখ্যানটি একটি বিখ্যাত বাংলা সিনেমায় অন্তর্ভুক্ত হয়েছে। ছবির নাম কী এবং কে এর পরিচালক?

## ৫। যে কোনও পাঁচটি শব্দের অর্থ লিখুন : -

 $1 \times 5 = 5$ 

মকট, সারমেয়, শাখামৃগ, বিহঙ্গ, টোল, চতুর্পাঠী, গাড়োয়ান, শ্রতিলিখন

## ৬। যে কোনও দু'টি প্রশ্নের উত্তর লিখুন : -

 $3 \times 2 = 6$ 

- ক) কেকাধনি কী? এটা কখন শোনা যায় ?
- খ) 'মুক্তির পথ' নিবন্ধ কার লেখা? এতে বর্ণিত বিদেশি তরুণীটি কে?
- গ) "মত দাদুরী ডাকে ডাহুকী/ফাটি যাওত ছাতিয়া"- বিদ্যাপতির এ পঙ্কজিটি রবীন্দ্রনাথের কোন প্রবন্ধে আছে? দাদুরী আর ডাহুকীর অর্থ কী ?

## ৭। উত্তর লিখুন (যে কোনও একটি) : -

 $8 \times 1 = 8$ 

- ক) 'হারানো দিন হারানো মানুষ' কার রচনা ? এটি কে লিখেছেন ? বইটিকে কী ধরনের রচনা বলা যায়- জীবনী, আত্মজীবনীমূলক ?
- খ) শিশু ও কিশোর সাহিত্যের প্রয়োজন কেন?

৮। সংক্ষেপে যে কোনও তিনটি উত্তর লিখুন : -

$3 \times 3 = 9$

- ক) উত্তর-পূর্বাঞ্চলের কোন কোন ভাষার সাহিত্য আপনার পাঠক্রমে আছে? এর মধ্যে যে কোনও একজন লেখকের নাম ও তাঁর রচনার উল্লেখ করুন।
- খ) অনুবাদ সাহিত্য কী? অনুবাদের প্রয়োজনীয়তা কোথায়?
- গ) জুমচাষ বলতে কী বোঝায়? কোন গল্পে জুমচাষের কথা রয়েছে?
- ঘ) মণিপুরি জনগোষ্ঠীর কথা নিয়ে আপনার পাঠক্রমে কোন বিখ্যাত গল্প রচিত হয়েছে? গল্পটি কার লেখা?

৯। সংক্ষেপে উত্তর লিখুন যে কোন দুইটি : -

$2 \times 2 = 4$

- ক) একজন প্রতিমা শিল্পীকে নিয়ে লেখা গল্প 'তৃতীয় নেত্র' কোন ভাষা থেকে অনুদিত? লেখক কে?
- খ) ডিমাসা ভাষার শব্দ 'নামাই'-এর বাংলা কী? গল্পটি কে অনুবাদ করেছেন?
- গ) 'একটি ইলিশের স্বাদ' গল্পে চাউবার পরিবার শেষ পর্যন্ত মাছটি খেতে পেরেছিল কি? কী ঘটেছিল শেষে?

১০। অতি সংক্ষেপে উত্তর লিখুন (যে কোন পাঁচটি) : -

$1 \times 5 = 5$

- ক) 'সাজাহান' নাটকটি কার লেখা?
- খ) সম্রাট সাজাহানের জ্যেষ্ঠ পুত্রের নাম কী?
- গ) সুজা কোথাকার নবাব ছিলেন?
- ঘ) সাজাহানের কন্যার নাম কী?
- ঙ) সাজাহানের কোন পুত্র হিন্দুশাস্ত্র, দর্শন এবং উপনিষদের অনুরাগী ছিলেন?
- চ) যশবন্ত সিং এবং দিলির খাঁ কারা?

১১। যে কোনও দুইটি টীকা লিখুন : -

$3 \times 2 = 6$

ডকুমেন্টের গল্প, আত্মজীবনী, ছোটগল্প

১২। অতি সংক্ষেপে উত্তর দিন (যে কোনও নয়টি) : -

$1 \times 9 = 9$

- ক) "সংবাদ পত্রাদিতে যে সব লেখা বের হচ্ছে, তা পড়ে মনে হয় হিন্দু চান মুসলমানের সংখ্যা কমুক, মুসলমান চান হিন্দুর সংখ্যা কমুক"- কে বলেছেন কথাটি?

- খ) সেপাস বলতে কী বোঝায়?
- গ) 'গহনগিরির সন্ধ্যাসী' বইটির লেখক কে?
- ঘ) জুনে কী ফলন হয়?
- ঙ) জয়দেব কে ছিলেন?
- চ) বিটসন বেল কে ছিলেন?
- ছ) 'পাদটীকা' গল্পের লেখক কে?
- জ) 'তৃতীয় নেত্র' গল্পটি মূলত কোন ভাষায় লেখা হয়েছিল?
- ঝ) 'মুক্তির পথ' রচনাটি কী গল্প না প্রবন্ধ?
- ঞ) 'কাঞ্চারী হাঁশিয়ার' কবিতাটি কার লেখা?

- শেষ পৃষ্ঠা -